# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৭৪৪

৪৬/ কাসামাহ (كتاب القسامة)

পরিচ্ছেদঃ ১২. মুসলিম হতে কাফিরের কিসাস রহিত হওয়া

سُقُوطُ الْقَوَدِ مِنْ الْمُسْلِمِ لِلْكَافِرِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ مَنْصُورٍ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مُطَرِّفِ بْنِ طَرِيفٍ عَنْ الشَّعْبِيِّ قَالَ سَمِعْتُ أَبَا جُحَيْفَةَ يَقُولُ سَأَلْنَا عَلِيًّا فَقُلْنَا هَلْ عِنْدَكُمْ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَيْءٌ سِوَى الْقُرْآنِ فَقَالَ لَا وَالَّذِي فَلَقَ الْحَبَّةَ وَبَرَأَ النَّسَمَةَ إِلَّا أَنْ يُعْطِيَ اللَّهُ عَزَّ وَجَلَّ عَبْدًا فَهْمًا فِي كِتَابِهِ أَوْ مَا فِي هَذِهِ الصَّحِيفَةِ قُلْتُ وَمَا فِي الصَّحِيفَةِ قَالَ فِيهَا الْعَقْلُ وَفِكَاكُ الْأَسِيرِ وَأَنْ لَا يُقْتَلَ مُسْلِمٌ بِكَافِرٍ

বাংলা

৪৭৪৪. মুহাম্মদ ইবন মানসূর (রহঃ) ... আবূ জুহায়ফা (রাঃ) থেকে বর্ণিত। একদা আমরা আলী (রাঃ)-কে জিজ্ঞাসা করলাম, আপনার নিকট কি কুরআন ব্যতীত রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কোন অন্য বাণী রয়েছে। তিনি বললেনঃ না, আল্লাহ্ তা’আলার শপথ! যিনি বীজ বিদীর্ণ করে অঙ্কুর বের করে থাকেন এবং জীবন দান করেন। তবে হ্যাঁ, আল্লাহ্ তা’আলা কোন বান্দাকে তাঁর কিতাবের যে বুঝ-সমঝ দান করেন অথবা যা এ সহীফায় রয়েছে সেটা ভিন্ন। আমি জিজ্ঞাসা করলামঃ ঐ সহীফায় কী রয়েছে। তিনি বললেনঃ তাতে রয়েছে দিয়াতের আহকাম, দাসমুক্ত করার বর্ণনা এবং আরো রয়েছে, কোন মুসলিমকে কোন কাফিরের পরিবর্তে হত্যা করা যাবে না।

## English

It was narrated that Ash-Sha'bi said:
"I heard Abu Juhaifah say: 'We asked 'Ali: "Do you have anything from the Messenger of Allah apart from the Qur'an?" He said: "No, by the One who splits the seeds and creates the soul, unless Allah gives a slave understanding of His Book, or except this sheet." I said: "What is in the sheet?" He said: "In it are (the regulations concerning) blood money and the freeing of captives and (the rule) that no Muslim should be killed for killing a

disbeliever."

## ফুটনোট

তাহক্বীকঃ সহীহ। ইরওয়া ২২০৯, যয়ীফাহ ৪৬০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ জুহাইফাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=78775

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন